যুগান্তর

তারিখ ... 23 JAN 2008 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭

# বেসরকারি শিক্ষক নিবন্ধন নিয়ে কিছু কথা

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় শিক্ষক নিবন্ধন একটি সময়োপযোগী পদক্ষেপ। এর ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলো যোগ্যতাসম্পন্ন শিক্ষক প্রাপ্তির নিশ্চয়তা পাচ্ছে। একজন নিবন্ধিত ব্যক্তি পাঁচ বছরের জন্য শিক্ষকতা পেশায় উপযুক্ত বলে বিবেচিত হয়ে থাকেন। যে কোনভাবে পাঁচ বছরের মধ্যে চাকরি না পেলে তার নিবন্ধন বাতিল বলে গণ্য হয়। তাছাড়া, স্কুল এবং কলেজের জন্য আলাদাভাবে নিবন্ধিত হতে হয়। একজন ব্যক্তি যদি কলেজ পর্যায়ে শিক্ষক হওয়ার জন্য নিবন্ধিত হন তাহলে তাকে স্কুল শিক্ষক হওয়ার জন্যও নিবন্ধিত হতে হয়। আমার প্রশ্ন হচ্ছে, যে ব্যক্তি কলেজ পর্যায়ে নিবন্ধিত তিনি কি স্কুল পর্যায়ে পড়াতে পারবেন না? তাকে কেন স্কুলে কাজ করার জন্য স্কুল পর্যায়ে নিবন্ধিত হতে হবে? তাছাড়া নিবন্ধিত ব্যক্তির মেয়াদকাল কেন সময় দিয়ে বেঁধে দেয়া হবে। যে কোন পরীক্ষা পাসের ডিগ্রি যদি ৩০ বছরেও বাতিল না হয় তাহলে নিবন্ধনের ডিগ্রি কেন মাত্র পাঁচ বছর অতিক্রান্ত হলে বাতিল বলে গণ্য হবে। যথাযোগ্য কর্তৃপক্ষের কাছে আমার আবেদন বিষয়টি নিয়ে যেন তারা একটু চিন্তাভাবনা করেন এবং আশু সংস্কারের উদ্যোগ গ্রহণ করেন।

কবির আহমেদ
*মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল*